R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৪শ বর্ষ
৬ষ্ঠ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১০ই আষাঢ় বুধবার, ১৪০৪ সাল।
২৫শে জুন, ১৯৯৭ সাল।
নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## অবৈতনিক শিক্ষায়তনের নামাবলী গায়ে চাপিয়ে বিদ্যালয়ে ডোনেশন আদায় হচ্ছে

বিশেষ প্রতিবেদক ঃ মাধ্যমিক শিক্ষা এরাজ্যে অবৈতনিক। পঞ্চম, ষষ্ঠ প্রভৃতি শ্রেণীতে অধিকাংশ পাঠ্য পুস্তক স্বল্প মূল্যে সরকার থেকে সরবরাহ করা হয়। কিন্তু তা সত্ত্বেও স্কুলগুলিতে ভর্তি হওয়ার সময় অভিভাবকদের কাছ থেকে যে ডোনেশন আদায় হয় তার চাপেই দরিদ্র সীমার নিম্নবর্তী অভিভাবকদের দমবন্ধ অবস্থা। মধ্যবিত্তদের অবস্থাও তথৈবচঃ। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আসন সংকট থাকায় উচ্চমানসম্পন্ন স্কুলগুলি চোখ বুজে মোটা টাকা ডোনেশন দাবী করে বসেন ভর্তির সময়। সে কারণে কোন অভিভাবকের দুতিনটি পড়ুয়া ছেলেমেয়ে থাকলে তাদের পড়াশুনা চালিয়ে যাওয়া তাঁর পক্ষে কঠিন হয়ে পড়েছে। স্কুলের প্রধান বা পরিচালন কমিটির কাছে এ প্রশ্ন রাখলে বলেন—সরকারের পক্ষে শিক্ষার প্রয়োজনে উপযুক্ত শিক্ষক রেখে স্কুল গৃহ, ল্যাবোরেটারী, লাইব্রেরী প্রভৃতির ব্যয় বহন কঠিন হয়ে পড়েছে। সেখানে অভিভাবকদের দান ছাড়া স্কুল চালানো অসম্ভব। অথচ আশ্চর্যের কথা এই ডোনেশন কোন স্কুলই আইনানুযায়ী তাঁদের একাউণ্টে জমা দেখাতে পারেন না। এই ধরনের ডোনেশনের ফলে সাধারণ মানুষের পক্ষে ছেলেমেয়েদের উচ্চশিক্ষা তো দূরের কথা মাধ্যমিক স্তরের শিক্ষাও নাগালের বাইরে চলে যাচ্ছে। ফলতঃ বছর বছর বাড়ছে ড্রপ আউটের সংখ্যা। এক সময় মুখ্যমন্ত্রী বলেছিলেন সরকারের পক্ষে শিক্ষকদের (৩য় পৃষ্ঠায়)

## নয়া সুপার জয়েন করেও হাসপাতালে আসছেন না

বিশেষ সংবাদদাতা ঃ জঙ্গিপুর হাসপাতালে গত ৪ এপ্রিল ধুলিয়ান নিবাসী ডাঃ মইনুল হক লালবাগ থেকে এখানে নতুন সুপার হিসাবে কাজে যোগ দেন। সাধারণ মানুষ আশা করেছিল এই রদবদলে হয়তো হাসপাতালের কাজকর্মে উন্নতি হবে। কিন্তু দেখা যাচ্ছে উন্নতি তো দূরের কথা হাসপাতাল পড়েছে আরও গাড্ডায়। নতুন সুপার লালবাগে ফ্যামেলি রেখে আসায় ৪ থেকে ২৫ এপ্রিল পর্যন্ত এখানে আসেনইনি। পরে ২৬ এপ্রিল থেকে লালবাগ থেকে যাতায়াত করে কাজ চালাচ্ছিলেন বলে খবর। সে সময় তিনি যাতায়াতে হাসপাতালের গাড়ী ব্যবহার করেন। এমনকি গাড়ী না পেলে রোগীদের বিপন্ন করে একমাত্র এ্যাম্বুলেন্সটিও ব্যবহার করেন বলেও অভিযোগ ওঠে। গত ৮ মে এরপর তিনি হায়দ্রাবাদে ট্রেনিং-এ চলে যান। ফিরে এসে লালবাগ থেকে ধুলিয়ান বাড়ীতে ফ্যামেলি রেখে জঙ্গিপুর হাসপাতালে ধুলিয়ান থেকে যাতায়াত করে কাজ করতে থাকেন যেহেতু পুরোনো সুপার তাঁর কোয়ার্টার ছাড়েননি, সেহেতু নতুন সুপারের উপায়ও ছিল না। উল্লেখ্য পুরোনো সুপার ডাঃ ঘোষ কোচবিহার জেল হাসপাতালে মেডিক্যাল অফিসার হিসাবে বদলী হয়েছেন। তাঁর এই পদাবনতির বিরুদ্ধে তিনি নাকি স্ট্যাটের দ্বারস্থ হয়েছেন। স্বাস্থ্য দপ্তরে তিনি আবেদনও জানিয়েছেন আগামী ৯৮ সালে তাঁর মেয়ের মাধ্যমিক পরীক্ষা না হওয়া পর্যন্ত তাঁকে জঙ্গিপুরে রাখা হোক। এ ব্যাপারে সমাধান না হওয়া পর্যন্ত তিনি এখান থেকে যাবেন না বলেও জানান। পূর্বতন সুপার ডাঃ ঘোষকে গত ২৬/৩/৯৭-এ (৩য় পৃষ্ঠায়)

## সৎ হবার শপথ নিন—আদবানী

রঘুনাথগঞ্জ, বিশেষ সংবাদদাতা ঃ দেশে বিজেপি সরকার গড়লে সে সরকার স্বচ্ছতা, স্বদেশী এবং সম্প্রীতির বাতাবরন তৈরী করবে। কিন্তু সারা দেশব্যাপী সমাজজীবনে যে দুর্নীতির অবাধ অনুপ্রবেশ ঘটেছে তা রুখতে হবে দেশের মানুষদের। স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে বিজেপির সর্বভারতীয় সভাপতি লালকৃষ্ণ আদবানী তাঁর স্বর্ণজয়ন্তী রথ থেকে দেশের জনসাধারণকে দুর্নীতিমুক্ত হবার আবেদন জানান। গত ২৪ জুন ৩৪নং জাতীয় সড়কের উপর উমরপুরে একটি সংক্ষিপ্ত সম্বর্ধনা সভায় শ্রী আদবানী বলেন যে আজকের দিনে স্কুলে ভর্তি থেকে শুরু করে রেলের টিকিট কাটা পর্যন্ত ঘুষ দিতে হয়। কেবলমাত্র রাজনীতিবিদরাই নন, দুর্নীতির শিকার সমাজের সকল স্তরের মানুষ। কোনো সরকারের পক্ষে এ সমস্যার সমাধান সম্ভব নয়। এ কাজ করতে হবে (২য় পৃষ্ঠায়)

## ধুলিয়ানের দুষ্কৃতিদের নেতা ধরা পড়ল বিহারে

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১২ জুন ধুলিয়ানে ব্যাঙ্ক এজেন্ট নিরঞ্জন সিংহকে খুনের প্রধান নেতা ঈশা সেখ ধরা পড়েছে বিহারের বারহাড়োয়া এলাকায়। পুলিশ সূত্রে খবর, ঈশার বাড়ী ফরাক্কার গাজীনগরে। তার সাথে বিহারের কিছু সমাজবিরোধীর যোগসাজশেরও খবর পেয়েছে পুলিশ। বহুদিন থেকেই মহকুমা পুলিশ বিভিন্ন সমাজবিরোধী কার্যকলাপের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ঈশাকে খুঁজে বেড়াচ্ছিল। ঈশার গ্রেপ্তারের পর ধুলিয়ানের ঘটনার সঙ্গে যুক্ত অন্যান্য অপরাধীদেরও শীঘ্র পুলিশ ধরতে পারবে বলে মহকুমা (২য় পৃষ্ঠায়)

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি কি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১০ই আষাঢ় বুধবার, ১৪০৪ সাল।

## দলমত নির্বিশেষের দাবী

বর্তমান নিবন্ধের নামকরণের পেছনে গত ১২ই জুন রাত্রিতে দুষ্কৃতিদের হাতে ধুলিয়ানস্থ সিণ্ডিকেট ব্যাঙ্কের এজেন্ট নিরঞ্জন সিংহ এবং থানার হোমগার্ডদের গুলি চালনায় স্থানীয় এক ভ্রাম্যমান তেলেভাজা ব্যবসায়ী মাধব দাস নিহত হওয়ার প্রকাশিত সংবাদ রহিয়াছে।

আমাদের পত্রিকার গত সংখ্যায় প্রকাশিত এক সংবাদে জানা যায় যে, ১২ই জুন রাত্রিতে দুষ্কৃতিরা উক্ত ব্যাঙ্ক এজেন্ট নিরঞ্জন সিংহের ঠাকুরপাড়াস্থ বাড়ীর সামনে তাঁহাকে লক্ষ্য করিয়া বোমা নিক্ষেপ করিলে নিরঞ্জনবাবু নিহত হন। সেই সময় লোডশেডিং চলিতেছিল। স্থানীয় অধিবাসীদের ক্ষোভ যে, দুষ্কৃতিদের সঙ্গে বিদ্যুৎ সরবরাহ বিভাগের যোগসাজস ছিল। বিদ্যুৎ বিভাগের অফিস ক্রুদ্ধ জনতা ভাঙচুর করে এবং তাহার পর থানা অভিমুখে ধাবিত হয়। থানায় তখন হোমগাডরা ছিলেন। জানা যায় যে, তাঁহারা থানা ভাঙচুর করার জন্য নিজেরাই গুলি চালান এবং ইহার ফলে উল্লেখিত তেলেভাজা ব্যবসায়ী মাধব দাস আহত হইয়া পরে মারা যান।

ইহার পরদিন একদিকে দুষ্কৃতিদের তৎপরতা অন্যদিকে পুলিশের গুলিচালনায় মৃত্যুর প্রতিবাদে ধুলিয়ান বনধ্ ডাকা হয়। বিদ্যুৎ অফিস ও থানা আক্রমণ করার জন্য ঠাকুরপাড়ার কয়েকজনকে গ্রেপ্তার করা হয় এবং কোর্টে চালান দেওয়া হয়। গত ১৫ই জুন শহরের বিভিন্ন রাজনৈতিক মতাবলম্বী মানুষ এক শোকসভার আয়োজন করেন। শহরের মানুষদের অভিযোগ যে, পুলিশী নিষ্ক্রিয়তার জন্য দুষ্কৃতিরা বেপরোয়া হইয়াছে। আট মাস পূর্বে তাহাদের হাতে স্বর্ণ ব্যবসায়ী যুগলকিশোর কর্মকার নিহত হন। কিন্তু আততায়ীদের অদ্যাবধি ধরা হয় নাই অথবা পুলিশ ধরিতে পারেন নাই। ইহাতে সমাজবিরোধীরা প্রশ্রয় পাইতেছে।

পুলিশ সূত্রে জানা গিয়াছে যে, ঠাকুরপাড়ার কিছু সন্দেহভাজন ব্যক্তি গা ঢাকা দিয়া রহিয়াছে এবং ঘটনার জন্য জোর তদন্ত চলিতেছে। আরও জানা যায় যে, সিপিএম, কংগ্রেস, বিজেপি প্রভৃতি রাজনৈতিক দলগুলির পক্ষ হইতে মৃতদের পরিবারকে আর্থিক ক্ষতিপূরণ দান এবং ঘটনার সঙ্গে যুক্ত দোষী ব্যক্তি ও পুলিশের উপযুক্ত শাস্তির দাবী জানান হইয়াছে।

## দুষ্কৃতীদের বোমার আঘাতে দশ বছরের বালিকা খুন

ফরাক্কা : গত ১৬ জুন বেলা দশটা নাগাদ এই থানার জিগরী গ্রামে দুর্বৃত্তদের এলোপাথাড়ী বোমার আঘাতে আয়েশা খাতুন (১০) মারা যায়। খবর ঘটনার দিন একদল দুর্বৃত্ত দোস্ত মহম্মদের বাড়ী চড়াও হয়ে এলোপাথাড়ী বোমা ছুড়তে থাকে। ভয়ে বাচ্চারা বাড়ী থেকে বের হয়ে ছুটে পালাতে থাকে। সেই সময় দোস্ত মহম্মদের মেয়ে আয়েশা বোমায় ঘটনাস্থলেই মারা যায় এবং তার এক বন্ধু নুরজাহান (১০) (শেষ পৃষ্ঠায়)

## প্রধানের কাজের বিরুদ্ধে অভিনব প্রতিবাদ

সাগরদীঘি : এই ব্লকের বালিয়া গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস প্রধান আবদুর রাজ্জাকের খেয়াল খুশিমত কাজের প্রতিবাদে এক অভিনব পন্থা নিলেন কংগ্রেস দলেরই ঐ গ্রামের জনৈক নেতা নগেন্দ্রনাথ ঘোষ। তিনি ঘোড়ার গাড়ীতে দু' বস্তা ছাই প্রধানের বিষ্ণুডাঙ্গা বাড়ীতে পাঠিয়েছেন এক চিরকূটসহ। চিরকূটে (শেষ পৃষ্ঠায়)

### নেতা ধরা পড়ল বিহারে

( ১ম পৃষ্ঠার পর )

পুলিশ প্রশাসক স্বপন মাইতি জানান। অন্যদিকে ঐ দিন থানা থেকে হোমগার্ডরা ক্ষিপ্ত জনতাকে লক্ষ্য করে গুলি চালানোয় মাধব দাস নামে যে যুবকের মৃত্যু হয় তার তদন্ত জেলা প্রশাসন করবে বলে জানা যায়। ক্ষিপ্ত জনতাকে ছত্রভঙ্গ করতে লাঠি চার্জ, টিয়ার গ্যাসের সেল ফাটানো বা শূন্যে গুলি না ছুঁড়ে হোমগার্ডরা কার অনুমতি নিয়ে সেদিন গুলি চালিয়েছিল তাও তদন্ত হবে। এছাড়া গুলি ক্ষিপ্ত জনতার নিম্নাঙ্গে না চালিয়ে হোমগার্ডরা যেভাবে এলোপাথারি গুলি চালিয়ে মাধব দাসের মৃত্যু ঘটিয়েছে সে ব্যাপারেও ধুলিয়ানবাসী যথেষ্ট ক্ষুব্ধ। তবে থানায় গ্যাসের সেল না থাকার অসহায়তা পুলিশ স্বীকার করে।

---

সংবাদের শেষ অংশটুকুর জন্য আমরা সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলিকে ধন্যবাদ জানাইতেছি। এই রাজ্যে দুষ্কৃতিদের নানা দুষ্কর্ম এবং পুলিশের প্রায় নিষ্ক্রিয়তা জনগণের অজানা নাই। আর এই সব কারণে সুস্থ-ভাবে জীবনযাপন এখানে বিঘ্নিত হইতেছে। দুষ্কৃতিদের বেপরোয়া ক্রিয়াকলাপের জন্য সকল দল মিলিত হইয়া যদি প্রশাসনকে নাড়া দিতে পারেন, তবে কিছু কাজের কাজ হয়। সেই প্রেক্ষিতে ধুলিয়ানস্থ রাজনৈতিক দলগুলি উপরিলিখিত ঘটনার জন্য যে ভূমিকা গ্রহণ করিয়াছেন, তাহা প্রশংসনীয়।

## রসুনপুর প্রাথমিক স্কুলের শিক্ষকের বিরুদ্ধে ছাত্রদের খাদ্য আত্মসাতের অভিযোগ

আহিরণ : সুতী ১নং ব্লকের ৫২নং রসুনপুর প্রাঃ স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক ইউসুফ আলীর বিরুদ্ধে ১৯ জন অভিভাবক এক লিখিত অভিযোগ পেশ করেছেন বলে খবর। এই অভিযোগ পত্রটি প্রাঃ বিদ্যালয় কাউন্সিলের চেয়ারম্যান, জেলা ম্যাজিষ্ট্রেট, বিডিও এবং এসডিওকে পাঠানো হয়েছে বলে জানা যায়। শিক্ষক ইউসুফ আলীর বিরুদ্ধে (শেষ পৃষ্ঠায়)

### সৎ হবার শপথ নিন—আদবানী

( ১ম পৃষ্ঠার পর )

দেশের জনতাকেই। শপথ নিতে হবে ঘুষ দেব না, ঘুষ নেবো না। যে কাজ করবো তা নিষ্ঠার সঙ্গে, সরকারী আইন মেনে এবং সততার সঙ্গে করবো। শ্রী আদবানীর দশ মিনিটের সংক্ষিপ্ত ভাষণে রাজনীতির প্রসঙ্গ ছিলো না বললেই চলে। ভাষণে আগাগোড়া তিনি চরিত্র গঠন এবং দুর্নীতিমুক্ত সমাজ গড়ার আহ্বান জানান। শ্রী আদবানী বলেন— ইতিপূর্বে তাঁর স্বর্ণজয়ন্তী রথ দেশের বারোটি রাজ্য অতিক্রম করেছে কিন্তু পশ্চিমবঙ্গের মতো জনতার সাড়া তিনি কোথাও পাননি। তাঁর মতে কুড়ি বছরের বাম জমানায় জনগণ নিরাশ। কংগ্রেসের মধ্যে অভ্যন্তরীণ বিবাদেও পশ্চিমবঙ্গের মানুষ বীতশ্রদ্ধ। তাই বিজেপির মধ্যে মানুষ তৃতীয় বিকল্প খুঁজে পেতে চাইছেন। সারা দেশের সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গেও বিজেপির শক্তি বৃদ্ধি পাচ্ছে।

শ্রী আদবানীর সঙ্গে রথযাত্রায় অংশ নেন বিজেপির নেত্রী সুষমা স্বরাজ, তপন শিকদার, ডঃ বিষ্ণুকান্ত শাস্ত্রী প্রমুখ। সম্বর্ধনা সভায় রথ এসে পৌঁছাবার আগে ভাষণ দেন রাজ্য-নেতা ডঃ দিবাকর কুণ্ডু, স্থানীয় নেতা চিত্ত মুখার্জী, সাধন সাধু এবং সুরজিৎ সিংহ। বক্তারা স্থানীয় নানা দুর্নীতি এবং রাজ্য রাজনীতির বিভিন্ন প্রসঙ্গ তুলে ধরেন। রাজ্য কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর প্রতি স্থানীয় নেতৃবৃন্দের নরম মনোভাব ছিল চোখে পড়ার মতো।

### জৈনদের গুরুমাতা ধর্মপ্রচারে বেড়িয়েছেন

রঘুনাথগঞ্জ : জৈনদের ধর্মগুরু সুপ্রকাশ মাতাজী (৩২) বিহারের পরেশনাথ থেকে পদব্রজে ধর্মপ্রচারে বেরিয়ে গত ১৩ মে এই জেলায় প্রবেশ করেছেন। গত ১৭ জুন ভোরে তিনি জঙ্গিপুর থেকে গঙ্গার উপর দিয়ে অস্থায়ী সেতু পেরিয়ে রঘুনাথগঞ্জে আসেন। এখান থেকে গণকরে যান। উল্লেখ্য গঙ্গার দুই তীরের সংযোগ রক্ষার্থে ৭৮টি নৌকাকে পাশাপাশি সাজিয়ে তার উপর দিয়ে হাঁটাপথে মাতাজীকে নদী পার করানো হয়। ঐ দৃশ্য দেখতে গঙ্গার দুই পারে জৈন ধর্মাবলম্বী ছাড়াও বহু উৎসুক মানুষের ভীড় জমে।

## কিশোরের ছুরিকাঘাতে আর এক কিশোর নিহত

রঘুনাথগঞ্জ : গত ২১ জুন দুপুরে শহরের বালিঘাটা চাঁইপাড়ায় (গঙ্গার ধারে) জয়দেব মণ্ডল নামে ১২ বছরের এক কিশোর অপর এক কিশোরের ছুরিকাঘাতে মারা যায়। থানায় অভিযোগ জানানো সত্ত্বেও হত্যাকারী রবি মণ্ডল রাজনৈতিক মদতে প্রকাশ্যে ঘোরাফেরা করছে ও জয়দেবের পরিবারের লোকজনদের ভয় দেখাচ্ছে বলে অভিযোগ উঠেছে। খবর গত তিন মাস আগে ঐ গ্রামের সাধু মণ্ডলের জমির পেঁয়াজ ও খাসি চুরিকে কেন্দ্র করে গ্রামের ছবি মণ্ডল, মহাদেব মণ্ডল ও মন্টু মণ্ডলের নামে থানায় অভিযোগ করা হয়। পরে সাধুর লোকজনের আক্রমণে মন্টু গুরুতর জখম হলে তাঁকে জঙ্গিপুর হাসপাতাল থেকে বহরমপুরে পাঠানো হয়। দুই রাজনৈতিক দলের মদতে গোষ্ঠীদ্বন্দ্ব চলছেই। এ ঘটনাকে তারই জের বলে গ্রামের মানুষ মনে করছেন।

### *শিক্ষায়তনে ডোনেশন আদায় হচ্ছে*

( ১ম পৃষ্ঠার পর )

মাইনে মেটানোর পর স্কুলের উন্নয়নকল্পে আর কোনও অর্থ ব্যয় করা অসম্ভব। অন্যদিকে পঃ বঃ সরকারের হেড মাষ্টারস ম্যানুয়ালে বলা হয়েছে, '১লা জানুয়ারী '৮১ থেকে বিদ্যালয়গুলি সরকারের অগ্রিম অনুমোদন ছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে অনুমোদিত বেতন ছাড়া অন্য কোন প্রকার ফি সংগ্রহ করতে পারবে না।' অতএব শহরের ইংলিশ মিডিয়াম স্কুলগুলির মতোই সরকারী স্কুলকে বেসরকারীকরণ করে ঐ সব বেসরকারী স্কুলগুলির মতো ফি আদায় করলেই একমাত্র স্কুলগুলি ভবিষ্যতে বাঁচবে বলে সকলেই মনে করছেন। শিক্ষাক্ষেত্রে ব্যয়বরাদ্দ বাড়ানোর জন্য সরকারের টাকা নাই; অথচ প্রতিদিন বিভিন্ন কেলেংকারীতে যে কত অর্থনাশ হচ্ছে তার হিসাব রাখে কে? এদেশে প্রতিদিন ভি আই পিদের নিরাপত্তার জন্য বছরে কত কোটি টাকা বরাদ্দ হয় কে খবর রাখে? তবে এই গড্ডালিকা স্রোতের বিপক্ষে গিয়ে সম্প্রতি জেলার ভগবানগোলা বয়েজ স্কুলে একটি রাজনৈতিক ছাত্র সংগঠনের আন্দোলনের চাপে স্কুল কর্তৃপক্ষ নতি স্বীকার করেছেন— বন্ধ হয়েছে ডোনেশন প্রথা। আবার আমাদের মহকুমায় শ্রীকান্তবাটী হাই স্কুলে গত বছর থেকে তিন দিনের সপ্তাহ চালু হয়েছে। শুধুমাত্র ছাত্রছাত্রীদের স্কুল রেজিষ্টারে নাম রেখে ফাইনাল পরীক্ষাতে বসার যে অভিনব ছাড়পত্রের বন্দোবস্ত করতে বাধ্য হয়েছেন স্কুল কর্তৃপক্ষ তা প্রকারান্তরে শীঘ্র বিদ্যালয়ের বেসরকারীকরণের প্রসঙ্গে সরকারকে ভাবাচ্ছে বৈকি।

### *নয়া সুপার জয়েন করেও*


( ১ম পৃষ্ঠার পর )

ডিম রিলিজ করায় তিনি কাউকে চার্জও বুঝিয়ে যেতে পারেননি বলে জানা যায়। বর্তমান সুপার মইনুল হককে কোনদিনই হাসপাতালে পাওয়া যায় না। জয়েন্ট কাউন্সিলের অভিযোগ কিছুদিন আগে পর্যন্ত তিনি ধুলিয়ান থেকে উমরপুর পর্যন্ত আসতেন এবং সেখানে কো-অর্ডিনেশনের কর্মীরা গিয়ে তাঁর কাছ থেকে খাতাপত্রে সই করিয়ে নিতেন। এখন কিছুদিন হলো তিনি জঙ্গিপুর হাসপাতালে কোয়ার্টার পেয়েছেন। কিন্তু অসুস্থতার কারণ দেখিয়ে হাসপাতালে কাজ করছেন না বলে খবর। এই ডামাডোলে হাসপাতালে ঠিকাদার মারফৎ প্রয়োজনীয় ওষুধপত্র বা অন্যান্য ষ্টেশনারী দ্রব্য সরবরাহ ব্যাহত হচ্ছে। এই অবস্থায় কোন রকমে গোঁজামিল দিয়ে হাসপাতালের কাজ চালানো হচ্ছে। ঠিকাদারের পাওনা ঠিকমত না দেওয়ায় মালপত্র সরবরাহও ঠিকমত হচ্ছে না। পূর্বতন সুপারের বিরুদ্ধে অভিযোগ ছিল তিনি 'ড্রাগ এডিক্টেড' হওয়ায় কাজ করতেন না ঠিকমত। আর্থিক দুর্নীতির কোন অভিযোগ ছিল না। তবু তাঁকে পদাবনতি ঘটিয়ে বদলী করা হলো, কিন্তু হেড ক্লার্ক জয়ন্ত সরকারের বিরুদ্ধে অর্থসংক্রান্ত বিভিন্ন দুর্নীতির অভিযোগ থাকলেও তাঁকে প্রমোশন দিয়ে বদলী করা হয়। ফলে প্রমোশন না নিয়ে তিনি বদলী আটকালেন। জঙ্গিপুরের সচেতন মানুষ মনে করছেন কো-অর্ডিনেশন কমিটির এ এক অপূর্ব কৌশল। হাসপাতালের দুর্গতিনাশে বিতর্কিত কর্মী ও ডাক্তারের বদলীর পরও হাসপাতালের একই অবস্থা থাকায় মানুষ বীতশ্রদ্ধ হয়ে পড়েছেন।

ETDC

( A unit of Govt. of West Bengal )

Stands for Quality & Reliability




### *নিবেদন*

নিউজপ্রিণ্ট এবং প্রেসের যাবতীয় সামগ্রীর মূল্য অত্যধিক বৃদ্ধি হওয়ায় আগামী ২ জুলাই সংখ্যা হতে জঙ্গিপুর সংবাদের প্রতি কপি এক টাকা ও বাৎসরিক গ্রাহক মূল্য চল্লিশ টাকা ধার্য্য করতে বাধ্য হলাম। এ ব্যাপারে আমাদের গ্রাহক ও শুভানুধ্যায়ী-দের কাছ থেকে সহযোগিতা পাবো আশা করি।

কর্মাধ্যক্ষ—জঙ্গিপুর সংবাদ

### *পাঠকদের কাছে অনুরোধ*

'জঙ্গিপুর সংবাদ'র স্থানীয় হকার সর্বেশ্বর ঘোষের সঙ্গে বর্তমানে আমাদের কোন যোগাযোগ নাই। যে সব পাঠক নগদ দামে তাঁর কাছ থেকে পত্রিকা নিতেন; তাঁরা সরাসরি আমাদের দপ্তরে নাম নথিভুক্ত করলে আমরা পত্রিকা পৌঁছে দেব।

কর্মাধ্যক্ষ—জঙ্গিপুর সংবাদ

### জঙ্গিপুর ষ্টেশন ম্যানেজারের হাতে দাবীপত্র পেশ

রঘুনাথগঞ্জ : গত ১৯ জুন বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ৫ দফা দাবীসহ এক দাবীপত্র পেশ করা হয় জঙ্গিপুর রেলষ্টেশনের ম্যানেজারের হাতে। দাবীগুলির মধ্যে ছিল মালদা টাউন ট্রেনটিকে প্রতিদিন নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী হাওড়া ষ্টেশনে পৌঁছানোর ব্যবস্থা, রিজার্ভেসন কামরাতে আলো, পাখা ও জলের ব্যবস্থা রাখা, ৫০টি রিজার্ভেসন কোটা রাখা, ফরাক্কা এক্সপ্রেসে ১০টি শ্লিপার কোটা জঙ্গিপুরের জন্য নির্দিষ্ট করা, জঙ্গিপুর ষ্টেশনে কম্পুটার রিজার্ভেসন চালু করা। বিভিন্ন সংগঠন ও ক্লাব এই ডেপুটেশনে অংশগ্রহণ করে। সিটুর রঘুনাথগঞ্জ ব্লক কমিটির পক্ষে উদয় ঘোষ, ইউ টি ইউ সি-র পক্ষে প্রদীপ নন্দী ও লায়ন্স ক্লাবের পক্ষে সম্পাদক নন্দকিশোর মুন্দ্রা এই ডেপুটেশনে নেতৃত্ব দেন।

---

পছন্দসই টেকসই

সব বয়সেই মানানসই

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেণ্টার )

রেজিঃ নং-২০ ★ তারিখ-২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং-৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

| সনাতন দাস | ধনঞ্জয় কাদিয়া | সনাতন কালিদহ |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |

---

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## অন্নপূর্ণা হোমিও ক্লিনিক

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি ( ডাব্লু. টি ), এফ. ডাব্লু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুজ, পোলিও এবং প্যারালেসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেণ্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনসট্রুমেণ্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট-এড বক্স এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ— হার্নিয়াল বেল্ট, এল এস বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভস্যুম কনট্রোল মেশিন ইত্যাদিও পাওয়া যায়।

---

### বিজ্ঞপ্তি

ফার্ষ্ট-এড, হোম নার্সিং, হেলথ, নার্সিং ও প্রাইভেট প্রাইমারী টিচার ট্রেনিং এ ভর্তি চলিতেছে (জেলা রেডক্রশ সোসাইটির সহযোগিতায়)। পঞ্চম ও যষ্ঠ শ্রেণীতে প্রাতঃ বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি চলিতেছে। গার্লস্ স্কুলে।

যোগাযোগকেন্দ্র : শ্রীমা শিল্পনিকেতন (পণ্ডিত প্রেসের নিকট)
রঘুনাথগঞ্জ মাষ্টারপাড়া

---

### দশ বছরের বালিকা খুন (১ম পৃষ্ঠার পর)

গুরুতর আহত হয়। তাকে হাসপাতালে ভর্তি করা হয়। গ্রামের দুই রাজনৈতিক দলের দ্বন্দ্বের শিকার এই মৃত্যু বলে জানা যায়। যাঁদের বাড়ী আক্রান্ত হয় তাঁরা কংগ্রেসের। পুলিশ এ ব্যাপারে ২৫ জনকে গ্রেপ্তার করেছে। গ্রামের অবস্থা থমথমে। পুলিশ গ্রামে টহলের ব্যবস্থা করেছে।

### আত্মসাতের অভিযোগ ( ১ম পৃষ্ঠার পর )

অভিযোগ ছাত্রদের খাদ্যের জন্য সরকার প্রদত্ত চাল তিনি ছাত্রদের না দিয়ে আত্মসাৎ করেছেন। অভিযোগ ১৯৯৬ এর নভেম্বরে ৩০ কেজি, ডিসেম্বরে ৩০ কেজি এবং ১৯৯৭ এর জানুয়ারীতে ৪০ কেজি মোট ১ কুঃ চাল তিনি বাজারে বিক্রি করেছেন। অভিযোগকারীরা এ ব্যাপারে সুষ্ঠু তদন্ত ও শিক্ষকের শাস্তি দাবী করছেন।

### অভিনব প্রতিবাদ (১ম পৃষ্ঠার পর)

লেখা ছিল অঞ্চলে যেখানে টিউবওয়েল অকেজো, পানীয় জলের প্রচণ্ড অভাবে জনজীবন অতিষ্ঠ সেখানে আপনার একতরফা ছাই পাশ কাজের জন্য এই প্রতিবাদ জানালাম।

---

বিশেষ আকর্ষণ : বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিণ্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নং : গনকর ৬২০২৯

---

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অমূত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।